# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

---

প্রশ্নঃ (২১০) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পর খেলাফতের সময়কাল কত বছর?

উত্তরঃ সাফীনাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(خِلاَفَةُ النُّبُوَّةِ ثَلاَثُونَ سَنَةً ثُمَّ يُؤْتِي اللَّهُ الْمُلْكَ مَنْ يَشَاءُ)

“ত্রিশ বছর পর্যন্ত খেলাফতে নবুওয়াত চলতে থাকবে। এরপর আল্লাহ যাকে চান তাকে রাজত্ব দান করবেন।[1] এই ত্রিশ বছর আবু বকর, উমার, উছমান ও আলী (রাঃ)এর খেলাফতের মাধ্যমে পূর্ণ হয়েছে। আবু বকরের খেলাফতকাল দুই বছর তিন মাস, উমার (রাঃ)এর খেলাফত দশ বছর ছয়মাস, উছমান (রাঃ)এর খেলাফত বার বছর এবং আলী (রাঃ)এর খেলাফত চার বছর নয়মাস। এবং হাসান (রাঃ)এর বায়আতের কাল ছিল ছয়মাস। এভাবেই খেলাফতে নবুওয়াতের ত্রিশ বছর পরিপূর্ণ হয়েছে। ইসলামের ইতিহাসে মুআবিয়া ছিলেন সর্বপ্রথম বাদশাহ। তিনি রাজা-বাদশাদের মধ্যে সর্বোত্তম ও সর্বশ্রেষ্ঠ। তারপর থেকে উমার বিন আব্দুল আযীয পর্যন্ত যালেম বাদশার রাজত্ব চলছিল। অতঃপর উমার বিন আব্দুল আযীয আসলেন। খোলাফায়ে রাশেদার ধারায় রাজ্য পরিচালনা করার কারণে আলেমগণ তাকে ইসলামের পঞ্চম খলীফা হিসাবে গণনা করেছেন।

>

## ফুটনোট

[1] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সুন্নাহ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=12024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন